কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

BHARATI EDUCATION CENTRE
কোচিং ও নোটস সহ ভর্তি চলছে
NIOS
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
বাংলা ও ইংরাজী মাধ্যমে
98313 71548 / 91632 82856

বর্ষ ৪৩ সংখ্যা ৫ কলকাতা বুধবার, ২৪ অগস্ট ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৭ ভাদ্র ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার

### যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণেরা আবেদন করতে পারেন। লিখিত পরীক্ষা নভেম্বরে।

কয়েকশো স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। নির্বাচিতরা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও কার্যালয়ে নিয়োগ পাবেন।

স্টেনোগ্রাফারস (গ্রেড 'সি' অ্যান্ড 'ডি') এক্সামিনেশন ২০২২-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। লিখিত পরীক্ষার পাশাপাশি স্কিল টেস্টও নেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে।

স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। এক্ষেত্রে ইংরেজি অথবা হিন্দিতে ১০ মিনিট ধরে দেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হবে। এরপর শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে সময়ে ছাড় পাবেন।

**বয়স:** ১-১-২০২২ তারিখে গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০৪-এর মধ্যে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪-এর মধ্যে) হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার

এরপর তিনের পাতায়

## বি এস এফে ৮৪০

### রেডিও মেকানিক, রেডিও অপারেটর

৮৪০ জন হেড কনস্টেবল নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। নিয়োগ করা হবে রেডিও অপারেটর ও রেডিও মেকানিক ট্রেডে। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য। এটি প্রাথমিক ভাবে একটি অস্থায়ী নিয়োগ হলেও ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।

**ট্রেড অনুসারে শূন্যপদ: রেডিও অপারেটর:** শূন্যপদ ৬২৯টি (সাধারণ ২০৬,

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক সঙ্গে আই টি আই সার্টিফিকেট**

তফসিলি জাতি ৮৪, তফসিলি উপজাতি ৭০, আর্থিক ভাবে অনগ্রসর ২৬৯)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে রেডিও অ্যান্ড টেলিভিশন বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট বা ডেটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যার বা জেনারেল ইলেক্ট্রনিক্স বা ডেটা এন্ট্রি অপারেটর ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট। অথবা উচ্চমাধ্যমিক বা

এরপর আটের পাতায়

পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের

## সেট পরীক্ষা ৮ জানুয়ারি

পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' (সেট) নেওয়া হবে ৮ জানুয়ারি (রবিবার)। এই পরীক্ষায় সফল হলে রাজ্যের কলেজ-বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যায়। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। কমিশন আয়োজিত

এরপর সাতের পাতায়

রাজ্যে র‍্যালির মাধ্যমে

## সেনাবাহিনীতে মহিলা 'অগ্নিবীর'

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গ থেকে কয়েকশো অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ করা হবে অগ্নিপথ প্রকল্পে, অগ্নিবীর জেনারেল ডিউটি পদে। র‍্যালি ১৯ ডিসেম্বর, খড়্গপুরের সেরসা স্টেডিয়ামে। কেবল অবিবাহিত মহিলারা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা সন্তান না থাকলে আবেদন করতে পারেন।যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সৈনিকদের স্ত্রীরা সন্তান থাকলেও, ফের বিবাহ না করে থাকলে আবেদনের যোগ্য।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ৭ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্ত করার সময় প্রার্থীকে বৈধ ই-মেল অ্যাড্রেস জানাতে হবে। এই ই-মেলে ১৬ নভেম্বর থেকে ২২ নভেম্বরের মধ্যে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। এছাড়া ১৬ নভেম্বরের পর উপরোক্ত ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোডও করা যাবে।

**আবেদনের যোগ্যতা: অগ্নিবীর জেনারেল ডিউটি (উইমেন ইন ক্যর অব মিলিটারি পুলিশ):** অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে

এরপর ছয়ের পাতায়

রাজ্যের ৫ জেলা থেকে

## সেনাবাহিনীতে কয়েকশো 'অগ্নিবীর'

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের ৫ জেলা থেকে বেশ কিছু অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত তরুণরা আবেদন করবেন। নিয়োগ করা হবে অগ্নিবীর জেনারেল ডিউটি, অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর ক্লার্ক/স্টোরকিপার, অগ্নিবীর ট্রেডসম্যান পদে। অগ্নিপথ প্রকল্পে প্রার্থীদের নিয়োগ করা হবে। র‍্যালি ১৬ থেকে ২৪ নভেম্বর, কৃষ্ণনগরের ডি এল রায় মেমোরিয়াল স্টেডিয়ামে।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এই ৫ জেলার তরুণরা: মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমান ও পূর্ব বর্ধমান।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ৩ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্ত করার সময় প্রার্থীকে বৈধ ই-মেল অ্যাড্রেস জানাতে হবে। এই ই-মেলে ১ অক্টোবর থেকে ২৪ অক্টোবরের মধ্যে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। এছাড়া ২৫ অক্টোবরের পর উপরোক্ত ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোডও করা যাবে।

এরপর ছয়ের পাতায়

পশ্চিমবঙ্গের ৬ জেলা থেকে

## সেনাবাহিনীতে অগ্নিবীর

### খড়্গপুরে র‍্যালি ১০ থেকে ১৮ ডিসেম্বর

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের ৬ জেলা থেকে বেশ কিছু অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত তরুণরা আবেদন করবেন। নিয়োগ করা হবে অগ্নিবীর জেনারেল ডিউটি, অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল, অগ্নিবীর ট্রেডসম্যান পদে। অগ্নিপথ প্রকল্পে প্রার্থীদের নিয়োগ করা হবে। খড়্গপুরের সেরসা স্টেডিয়ামে র‍্যালি শুরু হবে ১০ ডিসেম্বর। চলবে ১৮ ডিসেম্বর পর্যন্ত।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এই ৬ জেলার তরুণরা: কলকাতা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য

এরপর আটের পাতায়

পশ্চিমবঙ্গের ৮ জেলা থেকে

## সেনাবাহিনীতে অগ্নিবীর

### শিলিগুড়িতে র‍্যালি ২৮ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের ৮ জেলা থেকে বেশ কিছু অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত তরুণরা আবেদন করবেন। নিয়োগ করা হবে অগ্নিবীর জেনারেল ডিউটি, অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল, অগ্নিবীর ট্রেডসম্যান পদে। অগ্নিপথ প্রকল্পে প্রার্থীদের নিয়োগ করা হবে। র‍্যালি শুরু হবে ২৮ নভেম্বর। চলবে ৫ ডিসেম্বর পর্যন্ত।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এই ৮ জেলার তরুণরা: জলপাইগুড়ি, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ৩

এরপর আটের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে




## জৈব চাষের প্রশিক্ষণ নিয়ে উপার্জন করুন

**নিজস্ব প্রতিনিধি:** সুস্থ থাকার জন্য আমরা মূলত জোর দিই সুষম ও পুষ্টিকর খাওয়াদাওয়ার উপর। কিন্তু সুষম আহার করা কি আমাদের পক্ষে সম্ভব হচ্ছে? প্রশ্ন থেকেই যায়। অতিরিক্ত চাহিদার সঙ্গে পাল্লা দিয়ে অতিরিক্ত উৎপাদন করার জন্য রাসায়নিক সার, কীটনাশক, ওষুধ ইত্যাদি যথেচ্ছ ব্যবহার করা হচ্ছে চাষের কাজে। এর সবই আমাদের শরীরের পক্ষে ক্ষতিকর। এই সব রাসায়নিক পদার্থগুলো নানা রোগের উৎস।



সুস্থ থাকার জন্য প্রয়োজন প্রতিদিন বিষমুক্ত জৈব খাবার। প্রতিটি সবজি ও ফল প্রাকৃতিক ভাবেই নানা খনিজ পদার্থ ও ভিটামিনে ভরপুর। একমাত্র জৈব পদ্ধতিতে উৎপন্ন ফসলেই পাওয়া যায় ফল-শাকসবজির যাবতীয় সদ্‌গুণ। রাসায়নিক প্রয়োগে যা বিষাক্ত হয়ে যায়নি।

বিশ্বের উন্নত দেশগুলিতে অর্গ্যানিক বা জৈব আনাজ, তরিতরকারি, চাল-ডাল ইত্যাদির চাহিদা ধীরে ধীরে বাড়ছে। এ দেশেও অনেকেই জৈব খাবারের দিকে ঝুঁকছেন। জৈব চাষে উৎপাদন বাড়ানো নিয়ে পৃথিবী জুড়ে গবেষণার কাজ করছে বিভিন্ন সংস্থা। তারাই প্রশিক্ষণ দিচ্ছে কৃষকদের, সচেতন করে তুলছে মানুষকেও।

জৈব চাষ জমিতে তো করাই যায়, কৃষিজমি না থাকলেও করা যায়। বাড়ির ছাদ বা বারান্দা বা উঠোনেও ছোট আকারে জৈব চাষাবাদের পরিকাঠামো তৈরি করে নেওয়া সম্ভব। এ ধরনের জৈব বাগানে রাসায়নিক সার, আগাছানাশক, হরমোন ইত্যাদি বাদ দিয়ে কেবল সবুজ সার, কম্পোস্ট ব্যবহার করে উচ্ছে, পটল, বেগুন, লঙ্কা, ঢেঁড়স, সিম, বিনস, বাঁধাকপি, ফুলকপি, ব্রকলি, ওলকপি, মুলো, লাউ, ধনেপাতা, পালং, পুঁই ইত্যাদি প্রায় সব রকম সবজি ফলানো যায়। ইচ্ছে করলে ফলের চাষও করতে পারেন। বাড়িতে উৎপন্ন ফল ও সবজি নিজেরা খাওয়ার পাশাপাশি বিক্রি করে উপার্জনও করা যায়।

এই রাজ্যে জৈব চাষের পদ্ধতি-

এরপর দুয়ের পাতায়

# সেনাবাহিনীতে অফিসার

## এন সি সি-র 'সি' সার্টিফিকেটধারীরা আবেদন করবেন

ট্রেনিং দিয়ে ৫০ জন পুরুষ ও ৫ জন মহিলা অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। এন সি সি স্পেশ্যাল এন্ট্রি স্কিমের ৫৩তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিং শুরু হবে ২০২৩ সালের এপ্রিলে। শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। ছয় মাসের প্রবেশন। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। যে সকল পুরুষ প্রার্থী ১১৭তম এস এস সি কোর্সের (নন-টেকনিক্যাল) জন্য এবং যে সকল মহিলা প্রার্থী ৩১তম এস এস সি কোর্সের (নন-টেকনিক্যাল) জন্য কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসের পরীক্ষা দিয়েছেন, তাঁরা এই কোর্সের জন্য আবেদন করবেন না।

পুরুষদের ৫০টি শূন্যপদের মধ্যে ৫টি এবং মহিলাদের ৫টি শূন্যপদের মধ্যে ১টি আর্মিতে কর্মরত অবস্থায় মৃত বা আহত সৈনিকের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেইসঙ্গে এন সি সি-র সিনিয়র ডিভিশন বা উইংয়ে কমপক্ষে দু'টি শিক্ষাবর্ষের জন্য অংশ নিয়ে 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড পেয়ে থাকা চাই। যুদ্ধে হত বা আহত বা নিখোঁজ সমরকর্মীদের সন্তানদের ক্ষেত্রে এন সি সি-র 'সি' সার্টিফিকেট না থাকলেও চলবে। ফাইনাল ইয়ারে পাঠরত যাঁরা, তাঁরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে প্রথম দু'টি বা তিনটি শিক্ষাবর্ষে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ১-৪-২০২৩-এর মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হওয়া চাই ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪-এর মধ্যে।

দরখাস্তের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের সার্ভিস সিলেকশন বোর্ডের (এস এস বি) ইন্টারভিউয়ে ডাকা হবে। সফল প্রার্থীদের গ্রুপ টেস্ট, সাইকোলজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ নেওয়া হবে। এতে সফল হলে মেডিক্যাল টেস্ট। পরীক্ষা চলবে ৫ দিন ধরে। বিনা খরচে থাকা-খাওয়ার ব্যবস্থা আছে।

নির্বাচিত প্রার্থীদের ৪৯ সপ্তাহের ট্রেনিং দেওয়া হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শেষে মাদ্রাজ বিশ্ববিদ্যালয় থেকে ডিফেন্স ম্যানেজমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা সার্টিফিকেট পাবেন। ট্রেনিং সম্পূর্ণ হওয়ার পর নিয়োগ করা হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাবেন মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা।

এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের পি ডি এফ ফর্ম্যাটে দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এর মধ্যে প্রিন্ট আউটের একটি কপি-সহ প্রয়োজনীয় নথিপত্র ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে এবং অন্য প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দৈহিক মাপজোক, দৃষ্টিশক্তি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল

৫২ জন কনস্টেবল (অ্যানিম্যাল ট্রান্সপোর্ট) নেবে ইন্দো-টিবেটান সীমান্ত পুলিশ। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য। এটি প্রাথমিক ভাবে একটি অস্থায়ী নিয়োগ হলেও ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।

**শূন্যপদের বিবরণ:** পুরুষ ৪৪টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মহিলা ৮টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল।

**বয়স:** ২৭-৯-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সব ক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে।

প্রার্থীকে শারীরিক ভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না। রং চেনার উচ্চ ক্ষমতা থাকতে হবে।

**বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

বেসড এক্সামিনেশন হবে ২০০ নম্বরের। সময় ২ ঘণ্টা (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে অতিরিক্ত ৪০ মিনিট)। পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস ও ১০০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। প্রতিটি প্রশ্নের মান ১। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষায় নেগেটিভ মার্কিং হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত ০.২৫ নম্বর কাটা যাবে। লিখিত পরীক্ষায় সফল হলে স্কিল টেস্টের জন্য ডাক পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র (ব্র্যাকেটে সেন্টার কোড) কলকাতা (৪৪১০) ও শিলিগুড়ি (৪৪১৫)।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ সেপ্টেম্বর পর্যন্ত। দু'টি পার্টে (ওয়ান টাইম রেজিস্ট্রেশন এবং অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম) দরখাস্ত করতে হবে। প্রার্থীদের আগে রেজিস্ট্রেশন করা থাকলে নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। নতুন রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি-র মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি-র মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। অফলাইন বা অনলাইন, উভয় মাধ্যমেই ফি জমা দেওয়া যাবে। অফলাইনে চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালানের প্রিন্ট আউট ৫ সেপ্টেম্বরের মধ্যে ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৬ সেপ্টেম্বর। এ ছাড়া অনলাইন মাধ্যমে ভিম ইউ পি আই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা, মাস্টারকার্ড, মায়েস্ত্রো, রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৬ সেপ্টেম্বর।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্ত পূরণের সময় এডুকেশনাল কোয়ালিফিকেশন কোড ও সাবজেক্ট কোডের দরকার হবে। এডুকেশনাল কোয়ালিফিকেশন কোড: উচ্চমাধ্যমিক বা সমতুল ০২, সার্টিফিকেট ০৩, ডিপ্লোমা ০৪, বি এ ০৫, বি এ (অনার্স) ০৬, বি কম ০৭, বি কম (অনার্স) ০৮, বি এসসি ০৯, বি এসসি (অনার্স) ১০, বি এড ১১, এল এল বি ১২, বি ই ১৩, বি টেক ১৪, এ এম আই ই (পার্ট এ অ্যান্ড পার্ট বি) ১৫, বি এসসি (ইঞ্জিনিয়ারিং) ১৬, বি সি এ ১৭, বি বি এ ১৮, ডিমড গ্র্যাজুয়েশন ইস্যুড বাই ডিফেন্স (ইন্ডিয়ান আর্মি, এয়ারফোর্স, নেভি) ১৯, বি লিব ২০, বি ফার্মা ২১, আই সি ডব্লিউ এ ২২, সি এ ২৩, পি জি ডিপ্লোমা ২৪, এম এ ২৫, এম কম ২৬, এম এসসি ২৭, এম এড ২৮, এল এল এম ২৯, এম ই ৩০, এম টেক ৩১, এম এসসি (ইঞ্জিনিয়ার্স) ৩২, এম সি এ ৩৩, এম বি এ ৩৪, অন্যান্য ৩৫।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://ssc.nic.in



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৭ জুলাই-৫ অগস্ট

**২৭ জুলাই** বায়োকন প্রতিষ্ঠাতা কিরণ মজুমদার শ'কে পিছনে ফেলে হুরুন ওয়েলদি উওমেন লিস্ট ২০২১-এ দেশের সেরা সেল্ফ-মেড ধনীর শিরোপা পেলেন 'নায়িকা'-র প্রতিষ্ঠাতা ফাল্গুনী নায়ার। ৫৮ বছর বয়সি ফাল্গুনীর মোট সম্পদ ৫৭,৫২০ কোটি টাকা। অন্যদিকে, ৫৪% আয় বৃদ্ধি করে দেশের সেরা ধনী মহিলা হয়েছেন এইসিএল-এর রোশনী নাদার মালহোত্রা। তাঁর সম্পদের পরিমাণ ৮৪,৩৩০ কোটি টাকা।

## চিনা হুমকি সত্ত্বেও তাইওয়ানে পেলোসি



২ অগস্ট: চিনা হুমকি অগ্রাহ্য করেই তাইওয়ান সফর করলেন মার্কিন হাউসের স্পিকার ন্যান্সি পেলোসি। তিনি যে সময় তাইপেই বিমানবন্দরে নামেন সেই সময়ই তাইওয়ানের আকাশসীমার খুব কাছে চিনা যুদ্ধবিমানের উপস্থিতি নজরে আসে। তাইওয়ানের দাবি, তাদের ডিফেন্স জোন ভেঙে ঢুকে পড়ে অন্তত ২১টি চিনা যুদ্ধ বিমান। পেলোসি তাইপেইতে অবতরণের পর তাঁর সুরক্ষার কথা ভেবেই বিমানবন্দরের প্রায় সব আলো নিভিয়ে দেওয়া হয়। উল্লেখ্য, চিনা হুমকির আবহে ২৫ বছর পরে আমেরিকার প্রথম সারির কোনও প্রতিনিধি পা রাখলেন তাইওয়ানে।

**২৮ জুলাই** শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেপ্তার হওয়ার ছ'দিনের মাথায় পার্থ চট্টোপাধ্যায়ের মন্ত্রিত্ব কেড়ে নেওয়া হল। দলের সমস্ত পদ থেকে সরিয়ে দিয়ে তাঁকে সাসপেন্ডও করা হয়েছে তৃণমূল থেকে। এতদিন পর্যন্ত পার্থ কার্যত দলের 'সেকেন্ড-ইন-কম্যান্ড' বলে পরিচিত ছিলেন। এদিন অবশ্য জোড়াফুলের শীর্ষ নেতৃত্ব বার্তা দিয়ে জানিয়েছে, পদচ্যুত মন্ত্রী যতদিন আদালত থেকে নিজেকে নির্দোষ বলে প্রমাণ করতে না পারছেন ততদিন দলের বাইরেই থাকতে হবে তাঁকে।

**২৯ জুলাই** এসএসসি দুর্নীতি মামলায় ধৃত রাজ্যের বরখাস্ত হওয়া মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সাত দিনের মাথায় মুখ খুলে বললেন, তিনি ষড়যন্ত্রের শিকার। কিন্তু কারা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে সে ব্যাপারে কোনও উচ্চবাচ্য করেননি প্রাক্তন মন্ত্রী। বরং তাঁকে বলতে শোনা গিয়েছে, 'সময় হলেই সব জানা যাবে।' প্রাক্তন মন্ত্রীর তোলা 'ষড়যন্ত্র তত্ত্ব' নিয়ে রাজনৈতিক মহলে বিতর্ক তৈরি হয়েছে। শাসক-বিরোধী এক সুরে প্রশ্ন তুলেছে, এতদিন পর কেন মুখ খুললেন পার্থ?

**৩০ জুলাই** এশিয়ার ধনীতম মহিলার শিরোপা পেলেন সাবিত্রী জিন্দল। গত পাঁচ বছর ধরে চিনের রিয়েল এস্টেট কোম্পানি কান্ট্রি গার্ডেনের মালিক ইয়াং হুইয়ান-ই ছিলেন এশিয়ার ধনীতম মহিলা। তাঁকে টপকে সেই তকমা ছিনিয়ে নিলেন সাবিত্রী জিন্দল। ২০০৫ সালে জিন্দল গোষ্ঠীর হাল ধরেন সাবিত্রী। ব্লুমবার্গ বিলিয়নিয়ার্স ইনডেক্স অনুযায়ী, বাহাত্তর বছর বয়সি সাবিত্রী জিন্দলের বর্তমান সম্পদের পরিমাণ ১১.৩ বিলিয়ন মার্কিন ডলার।

## নিঃশব্দ ঘাতক ক্ষেপণাস্ত্রে নিহত জাওয়াহিরি



২ অগস্ট: আমেরিকার ড্রোন থেকে ছোড়া ক্ষেপণাস্ত্র হামলায় প্রাণ গেল আল-কায়দার শীর্ষনেতা, ৯/১১ হানার অন্যতম চক্রী আয়মান আল-জাওয়াহিরির। দেশবাসীর উদ্দেশে এই খবর জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জানান, বিশ্বের 'মোস্ট ওয়ান্টেড' এই সন্ত্রাসবাদী প্রাণ হারানোয় ২০০১ সালের ১১ সেপ্টেম্বর বিমান হানায় প্রাণ হারানো তিনহাজার মানুষের পরিবার অবশেষে ন্যায় বিচার পেল। পেন্টাগন সূত্রে বলা হয়েছে, বিস্ফোরকহীন মিসাইল 'হেলফায়ার আর৯এক্স'-এর সাহায্যে কাবুলে জঙ্গি নেতার গোপন ডেরায় এই আক্রমণ চালানো হয়েছে। ক্ষেপণাস্ত্রটির বিশেষত্ব হল এটির গা থেকে বেরিয়ে থাকা ব্লেড লক্ষ্যবস্তুকে ছিন্নভিন্ন করে দেয়, কোনও বিস্ফোরণ ঘটে না। উল্লেখ্য, ১৯৮৮ সালে পাকিস্তানের পেশোয়ারে ওসামা বিন লাদেনের সঙ্গে যৌথ ভাবে আল-কায়দা প্রতিষ্ঠা করেছিলেন জাওয়াহিরি। মিশরের নাগরিক জাওয়াহিরি পেশায় ছিলেন একজন চিকিৎসক। এই অভিযানের সঙ্গে যুক্ত অফিসাররা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেনের ছাড়পত্র পাওয়ার পর ৩১ জুলাই এই অপারেশন চালানো হয়। সেই সময় জাওয়াহিরি কাবুলের শেরপুর এলাকায় নিজের বাড়ির বারান্দায় দাঁড়িয়েছিলেন।



"একজন মহিলার প্রতি ন্যায়বিচার এইভাবে শেষ হয়ে যেতে পারে? আমি তো শীর্ষ আদালতে বিশ্বাস রেখেছিলাম, সিস্টেমে বিশ্বাস রেখেছিলাম, একটু একটু করে আমার ক্ষতগুলোকে সঙ্গে নিয়ে বাঁচতে শিখছিলাম। দোষীদের মুক্তি আমার শান্তি ছিনিয়ে নিল, ন্যায়ের প্রতি আমার বিশ্বাস নড়ে গেল।"

**বিলকিস বানো,** *গুজরাট দাঙ্গার নির্যাতিতা*
বিলকিসের গণধর্ষণে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিতরা ১৫ অগস্ট গুজরাটের জেল থেকে মুক্তি পেয়ে যাওয়ায়

## প্রয়াত নির্মলা মিশ্র



**৩০ জুলাই:** বাংলা সঙ্গীত জগতের জনপ্রিয় শিল্পী নির্মলা মিশ্র (৮১) প্রয়াত হলেন। দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত অসুখে শয্যাশায়ী ছিলেন প্রবীণ শিল্পী। নির্মলা মিশ্রের স্মরণীয় গানগুলির মধ্যে রয়েছে, 'ও তোতাপাখিরে', 'এমন একটি ঝিনুক খুঁজে পেলাম না', 'বল তো আরশি' ইত্যাদি। রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি, শ্যামাসঙ্গীত, দেশাত্মবোধক গানেও তিনি স্বচ্ছন্দ ছিলেন।

## হাসিনার দাবি তাঁকে ক্ষমতাচ্যুত করার চক্রান্ত চলছে



**৪ অগস্ট:** ২০২৩-এর শেষ বা ২০২৪-এর শুরুতে বাংলাদেশের সাধারণ নির্বাচনের আগেই তাঁকে ক্ষমতাচ্যুত করার চক্রান্ত চলছে বলে দাবি করলেন সেদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের সংবাদ মাধ্যমের কাছে এই দাবি করে হাসিনা বলেছেন, 'সরকারে এলাম, সাফল্য এনে দিলাম, বাংলাদেশকে উন্নয়নশীল দেশের মর্যাদা এনে দিলাম, এটা অনেকেই পছন্দ করবে না। কাজেই তারা তৎপর আছে সারাক্ষণ। তারা তাদের চক্রান্ত করে যাচ্ছে।' দেশের প্রধান বিরোধী দল বিএনপি-সহ অন্যান্য বিরোধীদের অভিযোগ, ভোট যেহেতু এগিয়ে আসছে, তাই দেশের প্রধানমন্ত্রী এবং আওয়ামি লিগের প্রধান এই তত্ত্ব হাওয়ায় ভাসিয়ে দিয়েছেন।

**৩১ জুলাই** দেশের সংখ্যালঘুদের একটা বড় অংশকে 'দ্বিতীয় শ্রেণীর নাগরিক' মনে করা হলে ভারত আরও বেশি বিভক্ত হয়ে পড়বে বলে মত প্রকাশ করলেন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন। এক সম্মেলনে এই কথা বলার পাশাপাশি শ্রীলঙ্কার উদাহরণ টেনে তিনি বলেছেন, দেশের রাজনীতিকরা সংখ্যালঘুদের নিশানা করে বেকারত্বের সমস্যা থেকে নজর ঘোরানোর চেষ্টা করলে এরকমই ঘটতে পারে। সাম্প্রতিক পরিসংখ্যানে দেখা গিয়েছে ভারতে বেকারত্ব গত ৪৫ বছরের মধ্যে সর্বোচ্চে পৌঁছেছে। তবে রাজন মনে করেন, রিজার্ভ ব্যাঙ্কের ভালো কাজের জন্য ভারতের অবস্থা এখনও শ্রীলঙ্কার মতো হয়নি।

**জমি দুর্নীতির তদন্তে ইডি-র হাতে** গ্রেপ্তার হলেন শিবসেনা সাংসদ সঞ্জয় রাউত। প্রায় ন' ঘণ্টা তল্লাশি চালানোর পর তাঁর বাড়ি থেকে প্রায় ১১.৫ লক্ষ টাকা বাজেয়াপ্ত হয়েছে বলে জানা গিয়েছে। রাউত তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্রের দাবি তুলেছেন। শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরেরও দাবি তাঁর দল ভাঙার চেষ্টা হচ্ছে। বিজেপির বিরুদ্ধে প্রতিহিংসার রাজনীতির অভিযোগ এনেছেন বিরোধীরা।

**১ অগস্ট** পশ্চিমবঙ্গে নতুন আরও ৭টি জেলা হচ্ছে বলে ঘোষণা করল রাজ্য সরকার। উত্তর ২৪ পরগনার বনগাঁ, বসিরহাট দু'টি নতুন জেলা হচ্ছে। দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবনও পৃথক জেলা হচ্ছে। নদিয়ার রানাঘাট এবং বাঁকুড়ার বিষ্ণুপুর মহকুমাও জেলা হবে। মুর্শিদাবাদ ভেঙে নতুন দু'টি জেলা হচ্ছে বহরমপুর ও কান্দি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামী ছ'মাসের মধ্যে নতুন জেলাগুলি গঠন করা হবে। এর ফলে রাজ্যের মোট জেলা হচ্ছে ৩০টি।

**মধ্যপ্রদেশের জবলপুরের একটি** বেসরকারি হাসপাতালে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ১০ জনের মৃত্যু হল। স্থানীয় প্রশাসন সূত্রে খবর ঘটনাস্থলেই মারা যান ৫ জন রোগী ও ৩ জন হাসপাতাল কর্মী। গুরুতর জখম অবস্থায় অনেকেই ভর্তি রয়েছেন হাসপাতালে। অগ্নিকাণ্ডে রোগী, রোগীর পরিবার এবং হাসপাতালের কর্মী মিলিয়ে আহতের সংখ্যা অন্তত ২৪।

**২ অগস্ট** আফগানিস্তানের তালিবান সরকার এবার সরাসরি ভারতের সাহায্য চাইল। দোহায় তালিবান প্রতিনিধির সঙ্গে ভারতের প্রতিনিধিরা দেখা করলেও, তাদের সরকারকে এখনও বৈধতা দেয়নি নয়াদিল্লি। তালিবান প্রশাসন বলেছে, 'শান্তির পরিবেশ বজায় রাখতে সাহায্য করুক নয়াদিল্লি।' সম্প্রতি আফগানিস্তানের অভ্যন্তরীণ বিষয়ক মন্ত্রী সিরাজুদ্দিন হাক্কানি ভারতকে পাশে দাঁড়াতে অনুরোধ করেন। সম্প্রতি আফগানিস্তান ছেড়ে চলে যাওয়া হিন্দু ও শিখদের দেশে ফেরার আহ্বান জানিয়েছে তালিব সরকার। কাবুলে ভারতের দূতাবাস খোলা নিয়ে আগ্রহও প্রকাশ করেছে তালিবান। তবে নয়াদিল্লি থেকে এখনও এ বিষয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## রাজ্য মন্ত্রিসভায় বড় রদবদল



৩ অগস্ট: রাজ্য মন্ত্রিসভায় বড়সড় রদবদল ঘটালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নতুন এলেন আটজন। বাদ গেলেন পুরনো চারজন। দপ্তর বদল হল ১৪ জনের। নতুন যাঁরা এদিন মন্ত্রিসভায় এলেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য নাম বাবুল সুপ্রিয়, স্নেহাশিস চক্রবর্তী, পার্থ ভৌমিক, উদয়ন গুহ ও প্রদীপ মজুমদার। এঁরা প্রত্যেকেই পূর্ণমন্ত্রী হয়েছেন। স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হয়েছেন বিপ্লব রায়চৌধুরি। তাজমুল হোসেন ও সত্যজিৎ বর্মণ প্রতিমন্ত্রী হয়েছেন। বিরবাহা হাঁসদাও স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। মন্ত্রিসভা থেকে বাদ পড়েছেন সৌমেন মহাপাত্র, পরেশ অধিকারী, রত্না দে নাগ ও হুমায়ুন কবীর।

**৩ অগস্ট** মার্কিন স্পিকার ন্যান্সি পেলোসির তাইওয়ান সফরের জেরে তাইওয়ান থেকে বেশ কিছু পণ্য আমদানির উপরে নিষেধাজ্ঞা জারি করেছে বেজিং। তাইওয়ানের আকাশসীমায় এদিনও ২৭টি চিনা যুদ্ধবিমান চক্কর কাটে। বেজিংয়ে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতকে তলব করে পেলোসির সফর সম্পর্কে জবাবদিহি চেয়েছে চিনের বিদেশমন্ত্রক। রাশিয়ার মতো পাকিস্তানও চিনের পাশেই দাঁড়িয়েছে।

**সংসদীয় যৌথ কমিটির অনেকগুলি** সংশোধনী সুপারিশের চাপে তথ্য সুরক্ষা বিল নিয়ে পিছু হটল কেন্দ্র। কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, নতুন আইন আনার লক্ষ্যেই 'ব্যক্তিগত তথ্য সুরক্ষা বিল, ২০১৯' আপাতত প্রত্যাহার করল কেন্দ্র। মন্ত্রী জানান, বিলটি নিয়ে সবিস্তার আলোচনার পর সংসদীয় যৌথ কমিটিতে ৮১টি সংশোধনী প্রস্তাব পেশ হয়েছে। পাশাপাশি ১২টি সংশোধনীর সুপারিশও করেছে কমিটি। বিল নিয়ে এর আগে আপত্তি জানিয়েছিল টুইটার-ফেসবুকের মতো সোশ্যাল মিডিয়া জায়েন্টরা। কারণ বিলের একটি ধারায় বলা ছিল, প্রয়োজনে সরকারকে যে-কোনও কথোপকথন এবং সেই আলোচনায় যোগদানকারীদের সম্পর্কিত যাবতীয় তথ্য দিতে বাধ্য থাকবে তারা।

**৫ অগস্ট** তাইওয়ান সফর করার জন্য মার্কিন হাউসের স্পিকার ন্যান্সি পেলোসি এবং তাঁর পরিবারের উপর নিষেধাজ্ঞা জারি করল চিন। পাশাপাশি আমেরিকার সঙ্গে জলবায়ু পরিবর্তন রোধ, মাদক বিরোধী প্রচার এবং প্রতিরক্ষা-সংক্রান্ত যেসব সহযোগিতার ক্ষেত্র ছিল তার সবক'টি বাতিল করেছে চিনের বিদেশমন্ত্রক। পেলোসি অবশ্য বলেছেন, 'আমাদের সফর আটকে ওরা (চিন) তাইওয়ানকে বিচ্ছিন্ন করে রাখতে পারবে না।' অন্যদিকে, সামরিক মহড়ার নাম করে যুদ্ধ জাহাজ ও যুদ্ধবিমান দিয়ে তাইওয়ানকে সবদিক দিয়ে ঘিরে ফেলার উদ্যোগ নিয়েছে চিন। দ্বীপরাষ্ট্র তাইওয়ানকে বরাবরই নিজেদের ভূখণ্ড বলে দাবি করে তারা। তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে ৬৮টি চিনা যুদ্ধবিমান এবং ১৩টি যুদ্ধ জাহাজ তাইওয়ান প্রণালীর 'মিডিয়ান লাইন' অতিক্রম করে চলে এসেছে। তবে তাইওয়ান এও জানিয়েছে, জাতীয় নিরাপত্তা রক্ষা করতে তারা বদ্ধপরিকর।

**বারাকপুরের প্রাক্তন সাংসদ দেবী ঘোষাল** (৯০) প্রয়াত হলেন। ১৯৮৪ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত বারাকপুর লোকসভায় তিনি কংগ্রেসের সাংসদ ছিলেন। দীর্ঘদিন তিনি উত্তর ২৪ পরগনা জেলা কংগ্রেসের সভাপতি ছিলেন। তবে বছরখানেক আগে তিনি কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দেন। প্রবীণ এই নেতার মৃত্যুতে শোক জ্ঞাপন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## কমনওয়েলথ গেমসে সোনা চানু ও বাংলার অচিন্ত্যর



৩০ জুলাই: বার্মিংহ্যামে কমনওয়েলথ গেমসের দ্বিতীয় দিনে ভারোত্তোলনে সোনা জিতলেন মীরাবাই চানু। মণিপুরের চানু টোকিও অলিম্পিক্সে ২০২ কেজি ওজন তুলে রুপো জিতেছিলেন। এবারে ২০১ কেজি ওজন তুলে দ্বিতীয়বারের জন্য কমনওয়েলথ-এ সোনাজয়ী হলেন তিনি। কমনওয়েলথ গেমসে ভারতের পদকের খাতা অবশ্য খোলে রুপো জিতে। মহারাষ্ট্রের ২১ বছর বয়সি ভারোত্তোলক সংকেত মহাদেব সারগর রুপো জিতে প্রতিযোগিতায় ভারতের প্রথম পদকজয়ী হন। ক্লিন অ্যান্ড জার্কে কাঁধে চোট পাওয়ায় অল্পের জন্য সোনা হাতছাড়া হয় তাঁর। ৩১ জুলাই কমনওয়েলথ গেমসে ভারতকে ভারোত্তোলনে সোনা উপহার দিলেন বাংলার অচিন্ত্য শিউলি। ছেলেদের ৭৩ কেজি বিভাগে মোট ৩১৩ কেজি ওজন তুলে সোনা জিতেছেন ২১ বছর বয়সি বাংলার এই ভারোত্তোলক। স্ন্যাচ ইভেন্টে ১৪৩ কেজি ওজন তোলার পর ক্লিন অ্যান্ড জার্ক ইভেন্টে তিনি তোলেন ১৭০ কেজি ওজন। তাতেই নিশ্চিত হয়ে যায় সোনা।

**ALLEN Result: JEE (Main) 2022**

# CELEBRATING HARDWORK

**OF ALLENITES WITH GLORIOUS RESULT**

# AIR-2

## SNEHA PAREEK

2 Year Regular ALLEN Classroom Student

**All India Female Topper**




**34 in Top 100 All India Ranks**




**ALLEN Students Eligible for JEE (Adv.) 2022**

# 17520

CCP : 12043 DLP : 5477




- 174 In Top 500 All India Ranks
- 333 In Top 1000 All India Ranks
- 13 State Toppers are ALLENites
- 191 Scored 100%ile in Individual Subjects

Authenticity of Result : Power of **ALLEN**

Heartiest Congratulations!

#SuccessKaAssurance




## INDIA'S BIGGEST

**Talent Encouragement Exam**

For Class 5th to 10th Students

**Exam Dates 09 & 16 Oct. 2022**

₹ SCHOLARSHIPS **250** CRORE

₹ CASH PRIZES **1.25** CRORE

Scan QR to Register

tallentex.com
0744-2750202



## Admission Announcement (Session 2022-23)

*JEE (Main+Adv.) | JEE (Main) | NEET (UG) | NTSE | OLYMPIADS | PNCF (Class 6th to 10th) | Commerce | Global Studies | IntelliBrain | Online (Live & Recorded) Courses*

**NURTURE (TARGET 2024)**
(Class 10th to 11th Moving)
JEE (Main+Adv.) | 16 Aug.
JEE (Main) | 16 Aug. & 1 Sept.
NEET (UG) | 16 Aug.
Admission Mode | Direct

**LEADER (TARGET 2023)**
(Class 12th Pass)
JEE (Main+Adv.) | 10 Aug. & 6 Sept.
JEE (Main) | 17 Aug. & 1 Sept.
NEET (UG) | 16 Aug. & 30 Aug.
Admission Mode | Direct

**ACHIEVER (TARGET 2023)**
(Class 12th Pass in 2021 / Ex-ALLEN)
NEET (UG) | 26 Aug. & 7 Sept.
Admission Mode | Direct

Note : JEE Main 2022 appeared Students Can Avail Scholarship upto 90%.

ALLEN DIGITAL — allendigital.in
ALLEN GLOBAL Studies Division — allenglobalstudies.com
ALLEN IntelliBrain — theintellibrain.com
ALLEN COMMERCE XI, XII, CA & CS — Batch Starting from: 15 Sept. — allen.ac.in/commerce

Distance Learning Programme : For All India Test Series & Study Material visit www.dlp.allen.ac.in

For upcoming Batch Starting Dates & to Apply Log on to allen.ac.in or walk-in to nearest ALLEN Center To know more about National Online (Live & Recorded) Courses visit www.allendigital.in or Call +91-9513736499

**ALLEN CAREER INSTITUTE**

*Kolkata Information Center:* P-250A, CIT Road, Scheme-VI M, 2nd Floor, Beside IDBI Bank, Kankurgachi, Kolkata Tel: +91-33-46035692, 7230049772,

*Durgapur Center:* Fortune Park Pushpanjali, C 71/A, 1st Floor, Shaheed Khudiram Sarani, City Center, Above PC Chandra Jewellers, Durgapur, West Bengal Tel: 0343-6666800, 8306014888 | Web: allen.ac.in/durgapur

*Siliguri Center:* Tradium Complex, Check Post, Sevoke Road, Siliguri (WB) -734001 Tel: 9775829334, 9775829179 Email: siliguri@allen.ac.in | Web.: allen.ac.in/siliguri

*Corporate Office:* "SANKALP", CP-6, Indra Vihar, Kota (Raj.) Email: info@allen.ac.in | Web.: www.allen.ac.in National Helpline: 0744-2757575, 3556677 Whatsapp | 0744-2757700

